


# ইজিসিবি সংবাদ

**ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা**

**বর্ষ ০২, সংখ্যা ০১, জুলাই-সেপ্টেম্বর, ২০২২**








*স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট ২০২২ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে ব্যানার, প্ল্যাকার্ডসহ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।*

## জাতীয় শোক দিবস উপলক্ষে ইজিসিবি'র ভার্চুয়াল আলোচনা ও দোয়া মাহফিল

স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি) এর কর্পোরেট অফিসে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভায় ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান মহোদয়, পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, নির্বাহী পরিচালকগন ও ইজিসিবি লিঃ এর অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগন সংযুক্ত ছিলেন।

সভায় আলোচনা হয় যে, বাঙালি জাতির স্বপ্নদ্রষ্টা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের মানুষের জন্য তাঁর জীবনের অর্ধেক সময় কারাভোগ করেছেন। তিনি ছিলেন বাঙালি জাতি তথা বিশ্বের অবিসংবাদিত নেতা। এই আগষ্ট মাসে ইতিহাসের বর্বরোচিত ও মর্মান্তিক হত্যাযজ্ঞ চালিয়ে স্বপরিবারে হত্যা করা হয় জাতীর পিতা বঙ্গাবন্ধুকে। বঙ্গাবন্ধু ছিলেন জাতীয় ঐক্য, প্রেরণা ও স্বাধীনতার মূর্ত প্রতীক, বাঙালি জাতির স্বপ্নের রূপকার। তাঁর ইস্পাত কঠিন নেতৃত্ব বাঙালি জাতিকে দিয়েছে অধিকার আদায়ের প্রেরণা। সভা শেষে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের প্রয়াত সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মিলাদ, দুরুদপাঠ এবং দোয়া মুনাজাত করা হয়।



## জাতীয় শোক দিবসে দুঃস্থ ও অসহায়দের মাঝে ইজিসিবি'র পক্ষ হতে ত্রাণ বিতরণ


১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে ইজিসিবি লিঃ এর পক্ষ হতে দুঃস্থ ও অসহায়দের মাঝে ত্রাণ বিতরণের আয়োজন করা হয়। নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ এবং বন্দর থানাস্থ ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্র এলাকাসমূহে দুস্থ ও অসচ্ছল প্রায় ৩,০০০ পরিবারকে খাদ্যসামগ্রী বিতরণের মাধ্যমে সহাযতা প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিসিপি, সিদ্ধিরগঞ্জ ২X১২০ পিপিপি এবং হরিপুর ৪১২ মেঃওঃ সিসিসিপি এর কর্মকর্তা ও কর্মচারীগণ। ত্রাণ বিতরণ শেষে ১৫ আগস্টে শহীদ সকলের জন্য দোয়া করা হয়।












*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি) আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলের একাংশ।*








*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রে ত্রাণ বিতরণ করা হয়। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের প্রয়াত সদস্যদের বিদেহী মিলাদ, দুরুদপাঠ এবং দোয়া মোনাজাত করা হয়।*

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ও শোকের মাস উৎযাপন উপলক্ষ্যে ইজিসিবি লিঃ কর্তৃক মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী গৃহীত

১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষ্যে ১লা আগস্ট থেকে ইজিসিবি লিঃ এর কর্পোরেট অফিসসহ আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারিত ডিজাইনের ড্রপডাউন ব্যানার এবং স্ট্যান্ড ব্যানার স্থাপন করা হয়। এছাড়াও ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ইতোপূর্বে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ডে বংগবন্ধুর স্মৃতিচারণ এবং জাতীয় শোক দিবসের কর্মসূচিসমূহের ব্যাপক প্রচার/প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হয়।












১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের ভবন/স্থাপনায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।







## ইজিসিবি লিঃ এর নবযোগদানকৃত চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির এর দায়িত্ব গ্রহণ

ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান হিসেবে ২৫ জুলাই, ২০২২ তারিখে যোগদান করতঃ দায়িত্ব গ্রহণ করেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর আওতাধীন বিদ্যুৎ বিভাগের সমন্বয় অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব এস এম এনামুল কবির । চেয়ারম্যান মহোদয়কে ইজিসিবি পরিবার এর পক্ষ হতে বরণ করে নেওয়া হয় এবং তাঁর বর্ণাঢ্য কর্মজীবনের জন্য তাঁকে সাধুবাদ জানানো হয়। এ সময় চেয়ারম্যান মহোদয় ইজিসিবি'র উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভায় অংশ নেন। সভায় ইজিসিবি লিঃ এর অতীত অর্জনসমূহ, বর্তমান কর্মকান্ড এবং ভবিষ্যৎ পরিকল্পনা উপস্থাপন করা হয় এবং তাঁর সুযোগ্য নের্তৃত্বে ইজিসিবি লিঃ তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌছাবে সেই আশাবাদ ব্যক্ত করা হয়। পরিশেষে চেয়ারম্যান মহোদয় তাঁর মূল্যবান বক্তব্য পেশ করেন এবং সকলকে নিয়ে ইজিসিবি লিঃ এর কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌছানোর দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।





*ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির এর সাথে ইজিসিবি লিঃ এর সকল কর্মকর্তাগণের মতবিনিময় সভার একাংশ। এ সময় বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তাগণ অনলাইনে সংযুক্ত থেকে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।*

## ইজিসিবি'র চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির এর ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

২৩ আগস্ট'২০২২ তারিখে ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি পরিদর্শন করেন। এসময় বিদ্যুৎকেন্দ্রের প্রধান প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক কার্যক্রম ও স্থাপনা সম্পর্কে তাঁকে অবহিত করেন।




২২ সেপ্টেম্বর'২০২২ তারিখে ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয় হরিপুর ৪১২ মেঃ ওঃ সিসিপিপি পরিদর্শন করেন। এসময় বিদ্যুৎকেন্দ্রের প্রধান প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক কার্যক্রম ও স্থাপনা সম্পর্কে তাঁকে অবহিত করেন।





*চেয়ারম্যান মহোদয়ের সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি পরিদর্শনের একাংশ। এ সময় চেয়ারম্যান মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে কর্মকর্তাবৃন্দের সাথে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।*



*চেয়ারম্যান মহোদয়ের সিদ্ধিরগঞ্জ ৪১২ মেঃওঃ সিসিপিপি পরিদর্শনের একাংশ। এ সময় চেয়ারম্যান মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে কর্মকর্তাবৃন্দের সাথে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।*

## ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে ফায়ার ড্রিল সম্পন্ন

ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের অগ্নিনির্বাপন ব্যবস্থা সম্পর্কে সচেতনতার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য ১০ আগস্ট'২০২২ তারিখে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে এবং ২১ সেপ্টেম্বর'২০২২ তারিখে সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে ফায়ার ড্রিল সম্পন্ন হয়েছে। ফায়ার সার্ভিস, আদমজী ইউনিট এর তত্ত্বাবধানে উক্ত ড্রিলটি পরিচালনা করা হয়। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী উক্ত ফায়ার ড্রিলে অংশ নিয়েছিলেন।






*সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে ফায়ার ড্রিলের একাংশ*

## ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র ও কর্পোরেট দপ্তরে Employee of the month নির্বাচনের উদ্যোগ গ্রহণ

ইজিসিবি তে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কার্যক্ষেত্রে মুল্যায়ন এবং কার্যক্ষেত্রে উৎসাহ প্রদানের নিমিত্ত মাসিক ভিত্তিতে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র হতে ০১ জন করে ও কর্পোরেট দপ্তর হতে ০১ জন কর্মকর্তা/কর্মচারী কে Employee of the month নির্বাচন, নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে সনদ, প্রশংসা পত্র প্রদান ও নোটিশ বোর্ডে/ডিসপ্লে তে তাঁর ছবি প্রদর্শন ইত্যাদি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেই লক্ষ্যে ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র হতে বিভিন্ন সময়ে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে Employee of the month নির্বাচন করা হয়েছে এবং নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে প্রশংসা পত্র ও ক্রেস্ট প্রদান এবং তাঁর ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন করা হয়েছে।




*হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি'র সার্বিক দায়িত্ব ও কর্তব্য সুষ্ঠুভাবে পালন করায় ও প্লান্ট পরিচালনায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জনাব জহিরুল আলম, টেকনিশিয়ান (আইএন্ডসি) কে আগষ্ট,২০২২ এর Employee of the month নির্বাচিত করা হয়েছে।*








*সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি'র সার্বিক দায়িত্ব ও কর্তব্য সুষ্ঠুভাবে পালন করায় ও প্লান্ট পরিচালনায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জনাব আমিরুল ইসলাম রুপক, উপবিভাগীয় প্রকৌশলী (মেকানিকাল) ও জনাব জাকির হোসেন সরদার, ফোরম্যান (মেকানিকাল) কে যথাক্রমে জুলাই'২০২২ ও আগষ্ট,২০২২ এর Employee of the month নির্বাচিত করা হয়েছে।*




*সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট এর সার্বিক দায়িত্ব ও কর্তব্য সুষ্ঠুভাবে পালন করায় ও প্লান্ট পরিচালনায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জনাব সুদর্শন চন্দ্র সাহা, উপ বিভাগীয় প্রকৌশলী (পরিচালন) ও জনাব সুনীল সরকার (টেকনিশিয়ান) কে যথাক্রমে আগষ্ট'২০২২ ও জুলাই'২০২২ এর Employee of the month নির্বাচিত করা হয়েছে।*

## ইজিসিবি লিঃ এর আওতায় কর্পোরেট দপ্তরে বিভিন্ন প্রশিক্ষণ অনুষ্ঠিত

ইজিসিবি'র ERP এবং EAM সিস্টেমকে অধিকতর কার্যকরী করার লক্ষ্যে ইজিসিবি'র কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে সংশ্লিষ্ট রিসোর্স পারসনদের পরিচালনায় Module ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে স্ব স্ব Module এর Team User, Power User, End User সহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। HCM, MM, FICO, PM ও PP & BI, PS Module এবং All Module নিয়ে যথাক্রমে ০৪/০৯/২০২২, ০৬/০৯/২০২২, ১১/০৯/২০২২, ১২/০৯/২০২২, ১৩/০৯/২০২২ এবং ১৫/০৯/২০২২ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।



ইজিসিবি তে 'শুদ্ধাচার বাস্তবায়ন কর্ম্পরিকল্পনা' বিষয়ক ১টি প্রশিক্ষণ কর্পোরেট অফিসের কনফারেন্স রুম ও অনলাইনে ০৬/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কর্পোরেট দপ্তরের কর্মকর্তাগন কনফারেন্স রুমে উপস্থিত থেকে ও বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণ অনলাইনে জুমের মাধমে অংশগ্রহণ করেন। ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।



ইজিসিবি তে 'যানবাহন রক্ষণাবেক্ষণ ও গাড়ীচালকদের দায়িত্ব ও কর্তব্য' বিষয়ক ২ টি প্রশিক্ষন কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে ১২/০৮/২০২২ ও ১৩/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কর্পোরেট অফিস ও বিদ্যুৎ কেন্দ্রের গাড়ীচালকগণ অংশগ্রহন করেন। ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় উক্ত প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে দায়িত্ব পালন করেন।





## ওয়ার্ল্ড ব্যাংকের প্রতিনিধি কর্তৃক 'সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প' পরিদর্শন

০২ সেপ্টেম্বর'২০২২ তারিখে ওয়ার্ল্ড ব্যাংকের প্রকল্প বিষয়ক Task Team Leader Jari Vayrynen সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শন করেন। এ সময় প্রকল্প দপ্তরের কর্মকর্তাগণ, নির্বাহী পরিচালক (পিএন্ডডি), প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) ও উপ-মহাব্যবস্থাপক (পরিবেশ) সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে তাঁকে অবহিত করেন।






## সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প সংক্রান্ত কার্যক্রম

সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ইপিসি ঠিকাদার কর্তৃক সিকিউরিটি ব্যারাক নির্মাণ কাজ শুরু হয়েছে।



২৬ সেপ্টেম্বর'২০২২ তারিখে প্রকল্প সাইটে সরবরাহকৃত ট্রান্সমিশন লাইন ম্যাটেরিয়ালের Post Landing Inspection (PLI) সম্পন্ন হয়েছে।

